# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৬৫

১/ বিবিধ

আরবী

الصدقة تمنع ميتة السوء

ضعيف

رواه أبو عبد الله القاضي الفلاكي في " فوائده " (87 / 2) : أخبرنا عمر بن القاسم المقري: أخبرنا القاسم بن أحمد الملطي: حدثنا لوين: حدثنا جرير عن سهيل بن أبي صالح عن أبيه عن أبي هريرة مرفوعا

قلت: وهذا إسناد موضوع، المتهم به الملطي هذا وهو القاسم بن إبراهيم، وما في الأصل " ابن أحمد " خطأ، فإن الذي يروي عن لوين وعنه عمر بن القاسم هو القاسم بن إبراهيم وهو كذاب، وبقية رجال الإسناد ثقات معروفون، غير عمر بن القاسم المقري وهو صدوق كما قال الخطيب (11 / 269)

والحديث عزاه في " الجامع " للقضاعي عن أبي هريرة، وقال شارحه المناوي: " قال ابن حجر: فيه من لا يعرف، وبه يرد قول العامري: صحيح ". قلت: ولعل تصحيح العامري من أجل شاهده الذي أخرجه الترمذي (2 / 23) عن أنس مرفوعا بلفظ " تدفع " وقال: " غريب

قلت: وفيه عبد الله بن عيسى الخزاز، قال النسائي: " ليس بثقة ". فلا يصلح إذن حديثه للشواهد. وسيأتي إن شاء الله

বাংলা

৬৬৫ সাদাকাহ মন্দ মৃত্যু হতে রক্ষা করে।

হাদীছটি দুর্বল।

এটি আবু আবদিল্লাহ আল-কাযী আল-ফালাকী “আল-ফাওয়ায়েদ” গ্রন্থে (২/৮৭) উমর ইবনুল কাসেম হতে তিনি আল-কাসেম ইবনু আহমাদ মালতী হতে তিনি লুওয়ায়িন হতে তিনি জারীর হতে তিনি সুহায়েল হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। এই আল-মালতী মিথ্যার দোষে দোষী, তিনি হচ্ছেন কাসেম ইবনু ইবরাহীম। (ইবনু আহমাদ ভুল)। কারণ যিনি লুওয়ায়িন হতে বর্ণনা করেছেন তিনি হচ্ছেন কাসেম ইবনু ইব্রাহীম। তিনি মিথ্যুক।

ইবনু হাজার বলেনঃ তাতে এমন ব্যক্তি রয়েছেন যাকে চেনা যায় না। এ কারণেই আল-আমেরী কর্তৃক সহীহ আখ্যাদান গ্রহণযোগ্য নয়।

সম্ভবত তিরমিয়ী কর্তৃক (২/২৩) আনাস (রাঃ) হতে "তামনাউ" শব্দের স্থলে "তাদফাউ" শব্দ দ্বারা যে শাহেদ এসেছে সেটির দিকে লক্ষ্য করেই সহীহ বলেছেন। কিন্তু তাতে আব্দুল্লাহ ইবনু ঈসা আ-খাযযায রয়েছেন। নাসাঈ তার সম্পর্কে বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71544

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন